

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

শাখা-৯ (কলেজ-১)

www.moedu.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০.০৭০.০৮.০০১.২০১৭-১৫

তারিখ: ১২ মাঘ ১৪২৩ বঙ্গ:
২৫ জানুয়ারি ২০১৭ খ্রি:


বিষয়: অভিযোগসমূহ তদন্ত করে ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে এ দেশের বিভিন্ন এলাকার বেসরকারি কলেজ কর্তৃপক্ষ/প্রধানমন্ত্রীর কার্যালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়/ ব্যক্তি এর নিকট হতে প্রাপ্ত অভিযোগ সংক্রান্ত আবেদন পত্রসমূহ (বারটি) এতদসঙ্গে প্রেরণ করা হল। বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহীত ব্যবস্থা আগামী ৩১.০৩.২০১৭ তারিখের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নং	প্রতিষ্ঠানের নাম	অভিযোগসমূহ
০১.	চৌগাছা মুধাপাড়া মহিলা কলেজ, চৌগাছা, যশোর।	যশোর জেলার চৌগাছা উপজেলাধীন চৌগাছা মুধাপাড়া মহিলা কলেজের সভাপতি হিসাবে পুনঃ নিয়োগ পাওয়ার জন্য আবেদন।
০২.	আবুল কালাম ডিগ্রি কলেজ, রাকুদিয়া, বরিশাল।	আবুল কালাম ডিগ্রি কলেজ, রাকুদিয়া, বরিশাল এর রসায়ন বিভাগের প্রভাষক লিটন চন্দ্র দাস স্ত্রীর নিকট যৌতুক দাবি, যৌতুকের দাবিতে অত্যাচার, বাড়ী থেকে রেব করে দেওয়া ও হত্যা চেষ্টা ইত্যাদি অভিযোগের বিষয়ে ব্যবস্থা গ্রহণ।
০৩.	আলমডাঙ্গা ডিগ্রি কলেজ, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।	আলমডাঙ্গা ডিগ্রি কলেজের ০২/০৮/২০১৫ তারিখের পরিদর্শনের পূর্বে নিয়োগকৃত ৩৬(ছত্রিশ) জন শিক্ষক ও ০৩(তিন) জন অফিস কর্মচারীর নাম পরিদর্শন তালিকায় অন্তর্ভুক্তি করণ প্রসঙ্গে।
০৪.	সরকারি রাজৈর কলেজ, মাদারীপুর।	জাতীয়করণকৃত রাজৈর ডিগ্রি কলেজের পদ সৃজনের প্রস্তাব যার স্মারক নং ৭২৮৫ তারিখ ১৪/০৮/২০১৬ ইং এবং মাউশি স্মারক-৮০৪২ তারিখ-১৭/১০/২০১৬ ইং জমাকৃত উক্ত প্রস্তাবনায় চতুর্থ শ্রেণীর কর্মচারী শরাব উদ্দিন খান(দুগুরী) ও তাসলিমা আক্তার (আয়া) নিয়োগ সংক্রান্ত আপত্তি সমূহের বিরুদ্ধে আনিত অভিযোগের ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।
০৫.	সুন্দরগঞ্জ ডি ডাব্লিউ ডিগ্রি কলেজ,	সুন্দরগঞ্জ ডি ডাব্লিউ ডিগ্রি কলেজের অধ্যক্ষ এ.কে.এম. হাবিব সরকার এর ব্যাপক দুর্নীতি ও স্বৈচ্ছাচারিতার অভিযোগ।
০৬.	চালনা কেসি কলেজ, দাকোপ,খুলনা।	খুলনা জেলার অন্তর্গত দাকোপ উপজেলাধীন চালনা পৌরসভায় অবস্থিত চালনা কলেজের অধ্যক্ষ ও একইসাথে চালনা কেসি পালইট স্কুলের প্রধান শিক্ষকের অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করে চালনা কলেজের নাম পরিবর্তন করে চালনা কেসি কলেজ করার জন্য আবেদন।
০৭.	বালিয়াকান্দি কলেজ, রাজবাড়ী	মাননীয় হাইকোর্ট বিভাগের ১০৫০৩/১৬নং রীট: আবেদন প্রত্যাহার ও বালিয়াকান্দি কলেজ জাতীয়করণের স্থগিতাদেশ বাতিলের কার্যকরণ প্রসঙ্গে।
০৮.	চাকলাদার মহিলা কলেজ, সাভার ঢাকা।	ঢাকা জেলার সাভার উপজেলাধীন সাভার পৌরসভায় চাকলাদার মহিলা কলেজের অধ্যক্ষ নিয়োগে অনিয়ম, দুর্নীতি, স্বজনপ্রতি ও ক্ষমতার অপব্যবহারের সুনির্দিষ্ট অভিযোগ।
০৯.	আলফাডাঙ্গা সরকারি ডিগ্রি কলেজ, আলফাডাঙ্গা, ফরিদপুর।	ফরিদপুর জেলার আলফাডাঙ্গা উপজেলাধীন আলফাডাঙ্গা সরকারি ডিগ্রি কলেজের জেষ্ঠ্যতা লঙ্ঘন প্রসঙ্গে।

১০.	আলহাজ্ব মোস্তাফিজুর রহমান কলেজ, লোহাগাড়া, চট্টগ্রাম।	মহান স্বাধীনতা যুদ্ধের বিরুদ্ধে অবস্থানকারী ব্যক্তিদের নামে সরকারী অনুদানভুক্ত সড়ক ও শিক্ষা প্রতিষ্ঠান সম্পর্কিত বিশেষ প্রতিবেদন থেকে চট্টগ্রাম জেলার লোহাগাড়া উপজেলা সদরে অবস্থিত আলহাজ্ব মোস্তাফিজুর রহমান কলেজ এর প্রতিষ্ঠাতা মরহুম মোস্তাফিজুর রহমান সওদাগরের নামে প্রত্যাহার প্রসঙ্গে।
১১.	অধ্যক্ষ আবুল হোসেন কলেজ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।	সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলাধীন অধ্যক্ষ আবুল হোসেন কলেজের দুর্নীতিবাজ, সন্ত্রাসী, জঙ্গি সংগঠনের আঞ্চলিক প্রধান, কথিত অধ্যক্ষ মোঃ হাসানুজ্জামান এর বিভিন্ন দুর্নীতির বিরুদ্ধে অভিযোগ এবং প্রতিকারের জন্য আবেদন।
১২.	জয়েনপুর আদর্শ কলেজ, সাদুল্লাপুর, গাইবান্ধা।	মোঃ আশরাফ-উল-ইসলাম, অধ্যক্ষ, জয়েনপুর আদর্শ কলেজ, এডহক কমিটি না দিয়ে তাকে অধ্যক্ষ পদ হতে সরিয়ে নতুন জ্যেষ্ঠ শিক্ষককে কলেজ পরিচালনার দায়িত্ব দিয়ে এডহক কমিটি গঠনের বেআইনি কার্যক্রম পুনঃ তদন্তের আবেদন।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক


নাছিমা খানম ২৫.১০.২০১৭
সিনিয়র সহকারী সচিব
৯৫১১৮৪৫

মহাপরিচালক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর,
শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি :

- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(পত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।)
- ৪। অধ্যক্ষ,
- ৫। গার্ড